দুরন্ত বার্তা, রায়গঞ্জ, ২৩ জুলাই ঃ রবিবার দুপুরে রায়গঞ্জের বিবেকানন্দ মোড়ে বিক্ষোভ কর্মসূচি পালন করলো অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদ উত্তর দিনাজপুর জেলা শাখা। পশ্চিমবঙ্গের মালদা জেলার পাকুয়াহাট এবং আলিপুরদুয়ার জেলার ফালাকাটায় মহিলাদের বিবস্ত্র করে নারকীয় নির্যাতনের প্রতিবাদে এবিভিপির পক্ষ থেকে প্রতিবাদ ও বিক্ষোভ প্রদর্শন করা হয়। মনিপুরে ঘটা মহিলাদের ওপর পৈশাচিক অত্যাচার ও মালদায় নারকীয় নির্যাতন দুই ক্ষেত্রেই সোচ্চার হয়েছে এবিভিপি।

# বিজেপি সাংসদের নেতৃত্বে পুলিশ সুপারের অফিস এখনও অবরুদ্ধ



দুরন্ত বার্তা, মালদা, ২৩ জুলাই ঃ মালদার পাকুয়াহাট কাণ্ডে কুড়ি ঘণ্টার বেশি সময় ধরে অবরুদ্ধ রয়েছে পুলিশ সুপার অফিস। পুলিশ সুপারের অফিসের সামনে বিজেপির অবস্থান-বিক্ষোভ। রবিবার সকাল সাড়ে দশটা নাগাদ এই অবস্থান বিক্ষোভকে ঘিরে পুলিশের লাঠিচার্জ করার অভিযোগ উঠেছে বিক্ষোভকারীদের। এই ঘটনায় দু'জন বিজেপি মহিলা কর্মী আহত হয়েছেন বলে অভিযোগ। এরপর থেকে দলে দলে বিজেপি সমর্থিত আদিবাসী কর্মীরা তীর, ধনুক নিয়ে দলীয় সাংসদ খগেন মুর্মুর নেতৃত্বে পুলিশ সুপার অফিসের সামনে অবস্থান-বিক্ষোভ সামিল হন। সকাল থেকেই টানটান উত্তেজনা রয়েছে মালদার পুলিশ সুপার অফিস চত্বরে। বিশাল পুলিশ বাহিনী সেখানে মোতায়েন রয়েছে। উল্লেখ্য, বামনগোলা থানার পাকুয়াহাট এলাকায় গত মঙ্গলবার টাকা চুরি অভিযোগে দুই মধ্যবয়স্ক মহিলাকে বিবস্ত্র করে গণপিটুনি দেয় কিছু মানুষ। আর এই ঘটনার বিষয়টি গত শুক্রবার রাত থেকে সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হলে রাজ্য রাজনীতিতে শোরগোল পড়ে যায়। ইতিমধ্যে পুলিশ বিবস্ত্র করে গণপিটুনি দেওয়ার ঘটনায় দুই মহিলা সহ তিনজনকে গ্রেফতার করেছে। সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হওয়া ফুটেজ দেখে বাকি হামলাকারীদেরও খোঁজ শুরু করেছে পুলিশ। এরই মধ্যে বিবস্ত্র করে দুই মহিলাকে মারধরের ঘটনায় তীব্র প্রতিবাদ জানিয়ে পুলিশ সুপারের অফিসের সামনে ধর্নায় বসেছেন বিজেপির সাংসদ খগেন মুর্মু, হবিবপুরের বিধায়ক জুয়েল মুর্মু সহ দলের জেলা নেতৃত্ব। শনিবার দুপুর থেকে পুলিশ সুপারের অফিসের সামনে বিজেপির অবস্থান-বিক্ষোভ চলছে। শনিবার রাত পেরিয়ে রবিবার সকাল গড়িয়ে গেলেও একইভাবে বিজেপির এই অবস্থান-বিক্ষোভ কর্মসূচি চলে আসছে। আর এরই মধ্যে এদিন সকালে বিজেপির অবস্থান-বিক্ষোভ কর্মসূচির প্যান্ডেল করাকে ঘিরেই পুলিশ লাঠিপেটা করে বলে অভিযোগ। উত্তর মালদার বিজেপি সাংসদ খগেন মুর্মু বলেন, আমরা শান্তিপূর্ণভাবে পুলিশ সুপার অফিসের সামনে অবস্থান-বিক্ষোভ করছিলাম। মাথার ওপর রৌদ্র ছিল বলেই ত্রিপল ঢাকতে গিয়েছিলাম। সেই সময় দলের পুরুষ ও মহিলা কর্মীদের ওপর নির্বিচারে পুলিশ লাঠিপেটা করে। আমাদের দু'জন মহিলা কর্মী জখম হয়েছেন। পাকুয়াহাট কান্ডে পুলিশ এখনও সমস্ত অভিযুক্তদের গ্রেফতার করতে পারে নি। অথচ আমরা শান্তিপূর্ণভাবে অবস্থান-বিক্ষোভ করলেও আমাদের ওপরই জোরজুলুম করা হচ্ছে। গত শনিবার থেকে পুলিশ সুপার নিখোঁজ রয়েছেন। এই অফিসে তিনি আসছেন না। আমরাই ঘটনার তীব্র প্রতিবাদ জানিয়েই অবস্থান-বিক্ষোভ শুরু করেছি। ইতিমধ্যে কেন্দ্রীয় মানবাধিকার কমিশনের কাছেও পুলিশের অমানবিক বিষয়টি নিয়ে অভিযোগ জানানো হয়েছে। যতক্ষণ না সমস্ত লোকেরা গ্রেফতার হচ্ছে ততক্ষণ আমাদের এই অবস্থার বিক্ষোভ চলবে। এদিকে পুলিশ লাঠিচার্জের ঘটনার কথা অস্বীকার করেছে এবং পাকুয়াহাট কাণ্ডে ইতিমধ্যে ৫ জনকে গ্রেফতারের পাশাপাশি পুরো বিষয়টি নিয়ে তদন্তের কথা জানিয়েছে। এদিকে বামনগোলা থানার পাকুয়াহাটে দুই মহিলাকে বিবস্ত্র করে মারধরের মত মধ্যযুগীয় বর্বরতার ঘটনা, অন্যদিকে বিজেপি কর্মী খুনের অভিযোগের প্রতিবাদ জানিয়ে স্থানীয় বিজেপি নেতৃত্ব বামনগোলা থানা ঘেরাও করে বিক্ষোভ দেখালো। রবিবার দুপুরে এই ঘটনাকে ঘিরে তুমুল চাঞ্চল্য তৈরি হয় বামনগোলা থানা সংলগ্ন এলাকায়। অপ্রীতিকর ঘটনা এড়াতে থানার সামনে করা হয়েছে নিরাপত্তা ব্যবস্থা। দেওয়া হয়েছে ব্যারিকেড। মোতায়েন রয়েছে বিশাল পুলিশ বাহিনী। বিজেপি কর্মীদের থানার আইসির সাথে দেখা করতে না দেওয়ায় থানার সামনে বাধা বিজেপির কর্মীদের, তার জেরে উত্তেজনা তৈরি হয়।

## তৃণমূলের অত্যাচারে ঘরছাড়া



দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ২৩ জুলাই ঃ রাজগঞ্জ বিধানসভার সন্ন্যাসীকাটা গ্রাম পঞ্চায়েতের জুম্মাগছ, কুয়ারবাড়ি-সহ বেশ কয়েকটি গ্রামের মানুষ এখনও ঘরছাড়া। ভোটের দিনের হিংসায় আতঙ্কে ঘর ছাড়েন এলাকার শতাধিক নারী ও পুরুষ ভোটার। আতঙ্ক নিয়ে ঘরে থাকছেন উক্ত কয়েকটি পাড়ার শতাধিক পরিবারের বাড়ির লোকজন। ঘরছাড়া গ্রামবাসীরা প্রত্যেকেই কংগ্রেস ও সিপিএমের সমর্থক বলে গ্রামবাসীরা জানান। পিংকি বেগম, আলিয়া খাতুন, ফরিতা খাতুন, আলিয়ার রহমানরা ভোটের দিনের তৃণমূলের হার্মাদ বাহিনীর বীভৎসতার বর্ণনা দেন। ফরিতা খাতুন জানান, বাড়িতে কোন পুরুষ নেই। আমি তিন বৌমাকে নিয়ে থাকি, রাতে ভয়ে থাকতে পারি না। স্বামী ও আমার তিন ছেলে বাইরে আছে, প্রাণ হারানোর ভয়ে ঘরে আসছে না। হরিবর রহমান বলেন, পুলিশ দাঁড়িয়ে থেকে আমার ঘর ও টোটো ভাঙতে সাহায্য করছে তৃণমূলের হার্মাদদের। অন্যদিকে তৃণমূলের নেতা ও সন্ন্যাসী কাটা গ্রাম পঞ্চায়েতের উপপ্রধান আতিয়ার রহমান ঘটনাটি অস্বীকার করেন। তিনি জানান, বিরোধীরা নিজেরাই নিজেদের ঘরবাড়ি ভেঙে বাইরে আছে, আমরা কাউকেই বাইরে থাকতে বলি না। শান্তিতেই ভোট হয়েছে, তারা ঘরে ফিরে আসুক আমরাও চাই। এদিকে রবিবার ভোট হিংসায় ক্ষয়ক্ষতি এবং সিপিএমের সমর্থকরা কি অবস্থায় আছেন তা জানতে পরিদর্শনে আসেন সিপিএমের জলপাইগুড়ি জেলা সম্পাদক সুনীল আচার্য। তিনি জানান, তৃণমূলের সন্ত্রাসের ফলে আমাদের দলের সমর্থকরা বাড়িতে থাকতে পারছে না। আর এর জন্য দায়ী পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী। আমরা আপ্রাণ চেষ্টা করছি তাদের বাড়িতে ফিরিয়ে আনার। জেলার মহিলা সম্পাদিকা রিনা দাস, এরিয়া কমিটির সম্পাদক রতন রায়, সন্ন্যাসীকাটা অঞ্চল কৃষক সভার সম্পাদক সৌকত আলি সহ আরও অনেকে এদিন ক্ষতিগ্রস্থ এলাকা ঘুরে দেখে স্থানীয়দের সাথে কথা বলে পাশে থাকার আশ্বাস দেন।

## বৃদ্ধার মৃতদেহ

দুরন্ত বার্তা, সাঁইথিয়া, ২৩ জুলাই ঃ দেশজুড়ে নারী নির্যাতন নিয়ে শোরগোলের মধ্যেই রবিবার সকালে বীরভূমের সাঁইথিয়ায় ঘরের ভিতর থেকে উদ্ধার হল একাকিনী বৃদ্ধার দেহ। স্থানীয়দের দাবি, বৃদ্ধাকে ধর্ষণের পর খুন করেছে দুস্কৃতীরা। তবে প্রাথমিকভাবে ধর্ষণের প্রমাণ পাওয়া যায়নি বলে পুলিশ সূত্রের খবর। দেহ উদ্ধার করে ময়নাতদন্তে পাঠিয়েছে সাঁইথিয়া থানার পুলিশ। ঘটনার জেরে এলাকায় চাঞ্চল্য ছড়িয়েছে। সাঁইথিয়ার বনগ্রাম পঞ্চায়েতের মথুরাপুরের বাসিন্দা বছর বাষট্টির বৃদ্ধা একাই ছোট্ট একটা ঘরে থাকতেন বলে জানিয়েছেন স্থানীয়রা। রবিবার সকাল থেকে তাঁর দেখা না পাওয়ায় স্থানীয়রা বাড়িতে গিয়ে খোঁজ নেন। সাড়া না পেয়ে ঘরের ভিতরে ঢুকে তাঁরা দেখেন, মাটিতে অচেতন ও বিবস্ত্র অবস্থায় পড়ে রয়েছেন বৃদ্ধা। মুখে গামছা গোঁজা। এতেই তাঁদের ধারণা, বৃদ্ধাকে কেউ ধর্ষণের পর খুন করেছে। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় পুলিশ ও কেন্দ্রীয় বাহিনী। দেহ উদ্ধার করে ময়নাতদন্তে পাঠিয়েছে তারা। তবে বৃদ্ধাকে ধর্ষণ করা হয়েছে বলে প্রাথমিক কোনও প্রমাণ পাওয়া যায়নি বলে জানিয়েছেন বীরভূমের পুলিশ সুপার। ময়নাতদন্তের রিপোর্ট এলে এ ব্যাপারে নিশ্চিত হওয়া যাবে বলে জানিয়েছেন তিনি। গত কয়েকদিন ধরেই রাজ্যে নারী নির্যাতন নিয়ে সুর চড়িয়েছে বিজেপি। তাঁদের দাবি, রাজ্যে একের পর এক নারী নির্যাতনের ঘটনা ঘটলেও রাজ্য সরকার নিশ্চুপ। ওদিকে মণিপুরের ঘটনা নিয়ে তাদের উদ্বেগের শেষ নেই। মণিপুরের ঘটনা নিয়ে তৃণমূলের উদ্বেগ কুম্ভীরাশ্রু বলে দাবি তাদের।

**বজ্রপাতে মৃত্যু।** জলপাইগুড়িতে বজ্রপাতে মৃত্যু দু'জনের। জমিতে কাজ করতে গিয়ে বাজ পড়ে মৃত্যু তাদের। একজন জলপাইগুড়ি সদর ব্লকের পাহাড়পুর চৌরঙ্গী এলাকার, অপর এক যুবক ময়নাগুড়ি মৌলানি নতুনহাট এলাকার। সুভাষ রায়(৪৫) ও নীলোৎপল রায় (২২) দু'জনেই জমিতে কাজ করতে গিয়ে এই দুর্ঘটনার কবলে পড়ে মারা যান বলে পরিবার সূত্রে জানা যায়।

# বিছুটি পাতার নিদান বিজেপি বিধায়কের

# বাড়ি ঘেরাও নিয়ে বিধায়কের হুঁশিয়ারি



দুরন্ত বার্তা, বাঁকুড়া, ২৩ জুলাই ঃ একুশে জুলাইয়ের সমাবেশে দাঁড়িয়ে অভিষেক বন্দ্যোপাধ্যায় বুথস্তরে ৫ আগস্ট বিজেপি নেতাদের বাড়ি ঘেরাওয়ের ডাক দিয়েছিলেন। মমতা বন্দ্যোপাধ্যায় সংশোধন করে বলেছিলেন, বুথ নয়, ব্লকস্তরে হোক শান্তিপূর্ণ প্রতীকী বিক্ষোভ। এই মন্তব্যের জন্য রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী হেয়ার স্ট্রিট থানায় মমতা ও অভিষেকের বিরুদ্ধে এফআইআর দায়ের করেছেন। এবার অভিষেকের কর্মসূচি নিয়ে পাল্টা হুঙ্কার দিলেন বাঁকুড়ার ওন্দার বিধায়ক অমরনাথ শাখা। রবিবার ওন্দার রামসাগরে দলের বিজয় মিছিলে অংশ নিয়ে এক পথসভায় বক্তব্য রাখেন অমরনাথ। সেখানে তিনি তৃণমূল নেতা-কর্মীদের উদ্দেশে বলেন, আমাদের ঘর ঘিরতে আসার আগে শরীরের বিমা করিয়ে আসবেন। কার্যকর্তাদের বলব বিছাতি (বিছুটি পাতা) নিয়ে তৈরি থাকবেন। ভ্যানও রেডি রাখবেন। এখানেই না থেমে উত্তমমধ্যম প্রহারের নিদান দিয়ে হাসপাতালে পাঠানোর হুঁশিয়ারিও দিয়েছেন অমরনাথ। তিনি বলেন, ওরা বেশি বাড়াবাড়ি করলে এমন ব্যবস্থা করতে হবে যাতে দুই পায়ে এলে চার পায়ে কাঁধে চেপে বাড়ি ফিরতে হয়। স্বাভাবিকভাবেই বিজেপি বিধায়কের এই হুঙ্কার নিয়ে শোরগোল পড়ে গিয়েছে রাজনৈতিক মহলে। প্রসঙ্গত উল্লেখ্য, রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেছেন, আমি জেড প্লাস নিরাপত্তা পাওয়া সত্ত্বেও পুলিশের সঙ্গে পরামর্শ করে ওরা ১০-১২ বার আমার বাড়ির সামনে অসভ্যতামি করেছে। আমাদের দলের নেতা-কর্মীদের সুরক্ষিত রাখার দায়িত্ব বিজেপির। তাঁরা কেউ নিরাপত্তা পান না। সেই দরিদ্র মানুষজন বিজেপি করেন। তাঁদের কোনও ক্ষতি যাতে না হয় তার জন্য সব ব্যবস্থা করব। শুভেন্দু এফআইআর দায়ের করলেও তাকে তৃণমূল পাত্তা দিচ্ছে না। সূত্রের খবর, ব্লকে ব্লকে কোন নেতাদের বাড়ি ঘেরাও হবে সেই তালিকা তৈরি করা হচ্ছে। আগামী সপ্তাহেই তা জানিয়ে দেওয়ার প্রক্রিয়াও শুরু হয়েছে। যদিও শুভেন্দু জানিয়েছেন, তিনি আদালতেও মমতা-অভিষেকের মন্তব্যের বিষয় নিয়ে তথ্যপ্রমাণ দিয়ে আদালতেও জনস্বার্থ মামলা করবেন। আদালত কী পদক্ষেপ করে তা স্পষ্ট হবে কয়েক দিনের মধ্যেই। শুভেন্দু সোমবার সেই মামলাটি দায়ের করতে পারেন। এর পাশাপাশি বিজেপি নেতা-কর্মীদের কী করতে হবে তাও সময়মতো জানিয়ে দেবেন শুভেন্দু। তিনি বলেন, আলিপুরদুয়ার, কোচবিহার, জলপাইগুড়িতেও এমন করতে গিয়েছিল। উত্তরবঙ্গে বিজেপি শক্তিশালী। স্থানীয় মানুষ বেরিয়ে ওদের তাড়িয়ে দিয়েছেন। এদিকে, অমরনাথের বক্তব্য প্রসঙ্গে তৃণমূল নেতা তথা প্রাক্তন মন্ত্রী শ্যামল সাঁতরা বলেন, বিজেপি মানুষকে কিছুই দিতে পারেনি। সে সম্পর্কে প্রশ্ন করার অধিকার সকলের রয়েছে। অভিষেক বন্দ্যোপাধ্যায়ের কর্মসূচি ঘোষণা বিজেপি নেতাদের ভীত করেছে। তাঁদের পায়ের তলার মাটি সরায় উস্কানিমূলক মন্তব্য করছেন। হাত ভেঙে দেওয়া, পা ভেঙে দেওয়ার কথা কখনও গঠনমূলক কথা নয়। বিজেপিকে ২০২৪ সালেই নিশ্চিহ্ন করবেন মানুষ।

# নাবালিকাকে অপহরণ করে গণধর্ষণের অভিযোগ

দুরন্ত বার্তা, কোচবিহার, ২৩ জুলাই ঃ নাবালিকাকে অপহরণ করে গণধর্ষণের অভিযোগ। গুরুতর অসুস্থ অবস্থায় মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছে নাবালিকা। ঘটনায় চারজনকে গ্রেফতার করেছে পুলিশ। অভিযোগ গত ১৮ জুলাই কোচবিহার ২ নম্বর ব্লকের খাবইডাঙ্গা গ্রাম পঞ্চায়েত এলাকার ওই নাবালিকা বাড়ি থেকে স্কুলে যায়। কিন্তু সে স্কুল থেকে আর বাড়ি ফেরেনি। পরিবারে পক্ষ থেকে ওই নাবালিকা মেয়ের খোঁজ না পেয়ে তারা পুলিশের দ্বারস্থ হয়। কোচবিহারের একটি বেসরকারি হাসপাতালে ওই নাবালিকাকে ভর্তি করে দুস্কৃতীরা। সেখান থেকে ওই নাবালিকার পরিবার খবর পায়। পুলিশ ঘটনার তদন্তে নেমে চারজনকে গ্রেফতার করেছে। এই ঘটনার তীব্র নিন্দা করেছে তৃণমূল বিজেপি উভয়ই। রবিবার কোচবিহারের একটি বেসরকারি হাসপাতালে ওই নাবালিকার পাশে দাঁড়াতে হাসপাতালে যান বিজেপির বিধায়ক কুমার রায়। একইসঙ্গে দুস্কৃতীদের শাস্তির দাবি জানিয়ে পাশে থাকার আশ্বাস দেন তৃণমূল স্থানীয় নেতৃত্বরাও। অভিযোগ, কোচবিহারের কালজানির বাসিন্দা নবম শ্রেণির ওই ছাত্রী মঙ্গলবার স্কুল চলাকালীন অসুস্থ বোধ করায় তাড়াতাড়ি ছুটি নিয়ে একাই বাড়ি ফিরছিল। অভিযোগ, পথে নির্জন জায়গায় তাঁকে অপহরণ করে ৫ যুবক। এর পর তাঁকে একটি গোপন আস্তানায় আটকে রেখে ২ দিন ধরে গণধর্ষণ করে তারা। ২ দিন পর কোনও ভাবে মেয়ের খবর পায় পরিবার। তাকে উদ্ধার করে বাড়িতে নিয়ে আসে তারা। গুরুতর অসুস্থ ছাত্রীকে কোচবিহারের বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয়েছে। রবিবার তাকে দেখতে হাসপাতালে যান কোচবিহার জেলা বিজেপি সভাপতি সুকুমার রায়। নির্যাতিতার মা জানিয়েছেন, স্কুল ছুটির পরেও মেয়ে বাড়ি না ফেরায় খোঁজাখুঁজি শুরু করি। ২ দিন পর জানতে পারি মেয়েকে আটকে রাখা হয়েছে। সেখানে গিয়ে দেখি মেয়ে যন্ত্রণায় কাতরাচ্ছে। তাকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করি। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় চাঞ্চল্য ছড়িয়েছে। স্থানীয়রা অভিযুক্তদের কড়া শাস্তির দাবি জানিয়েছেন। অভিযোগ পেয়েই ৪ অভিযুক্তকে গ্রেফতার করেছে কোচবিহার জেলা পুলিশ।

## পুরুলিয়ায় তৃণমূল নেতা খুনের ঘটনায় গ্রেফতার হল আরও এক

দুরন্ত বার্তা, পুরুলিয়া, ২৩ জুলাই ঃ চলতি বছরের ২২ জুন রাতে পুরুলিয়া জেলার আদ্রা শহরে তৃণমূল কার্যালয়ে গুলিতে ঝাঁজরা হয়ে গিয়েছিলেন তৃণমূল নেতা ধনঞ্জয় চৌবে। তিনি তৃণমূলের টাউন সভাপতি ছিলেন। সেই ঘটনায় আগেই ৩ জনকে গ্রেফতার করা হয়েছিল। এবার এক ভাড়াটে খুনিকে নিজেদের হেফাজতে নিল পুরুলিয়া জেলা পুলিশ। এখনও আরও দুই শুটারের খোঁজে চলছে তল্লাশি। রবিবার সাংবাদিক সম্মেলন করে এমনটাই জানিয়েছেন পুরুলিয়ার পুলিশ সুপার অভিজিৎ বন্দ্যোপাধ্যায়। তিনি জানিয়েছেন, আদ্রার খুনের ঘটনায় ভাড়াটিয়া খুনিরা আগেই চিহ্নিত হয়েছিল। তিনজনের মধ্যে একজনকে গ্রেফতার করা হয়েছে। বাকি দু'জনের খোঁজ চলছে। যাকে গ্রেফতার করা হয়েছে তাকে বিহার থেকে পাকড়াও করা হয়েছে। জানা গিয়েছে, ধৃতের নাম রত্নেশ কুমার পান্ডে। বয়স মাত্র ২৮ বছর। বিহারের গোপালগঞ্জ জেলার কেটিয়া থানার ডিগবাই গ্রামের বাসিন্দা সে। পেশায় ট্রাক্টর চালক। ধনঞ্জয় চৌবে খুনের ঘটনায় ২৩ জুন দুজনকে গ্রেফতার করা হয়। একজন আরশাদ হোসেন এবং অপরজন মহম্মদ জামাল। আরশাদ ছিলেন পঞ্চায়েতে কংগ্রেস প্রার্থী। আর মহম্মদ জামাল এলাকার কুখ্যাত দুস্কৃতী। দুজনই আদ্রার বাসিন্দা। এরপর ২৭ জুন খুনের মাস্টারমাইন্ড তথা আদ্রার সিন্ডিকেটের মাথা আরজু মালিক গ্রেফতার হয় বিহারের জামুই জেলার আরসার থেকে। ঘটনার তদন্তে নেমে পুলিশ ৩জন শুটারের কথা জানতে পারে। সিসিটিভিতে তাদের ফুটেজও ধরা পড়ে। ওই তিনজন ভাড়াটে খুনিকে আগেই চিহ্নিত করা হয়েছিল। তাদের স্কেচও বানানো হয়। সেই স্কেচের সঙ্গে রত্নেশের মিল রয়েছে। স্কেচের সূত্রে ধরে বাকি দুজনের খোঁজ চালাচ্ছে পুলিশ। এখন পুলিশের অনুমান, রত্নেশকে 'সুপারি' দিয়েছিলেন আরজু। শুক্রবারই বিহার থেকে রত্নেশকে গ্রেফতার করেছিল পুরুলিয়ায় জেলা পুলিশের ৫ সদস্যের দল। কিছুদিন আগে থেকে বিহারে তাঁরা ওত পেতে বসেছিলেন। শেষপর্যন্ত বিহার পুলিশের সমন্বয়ে ভাড়াটে খুনিকে গ্রেফতার করতে সক্ষম হন তাঁরা। এদিন পুলিশের তরফে জানানো হয়েছে, ধনঞ্জয় চৌবের খুনের আগে সিসিটিভি ফুটেজে রত্নেশের ছবি ধরা পড়েছিল। বাইকে চেপে তাঁকে ধনঞ্জয়ের কার্যালয়ের দিকে আসতে দেখা গিয়েছিল। মনে করা হচ্ছে, বাকি দুই ভাড়াটে খুনি কার্যালয়ের কাছেই রত্নেশের অপেক্ষা করছিল। তাদের খোঁজ চালাচ্ছে পুলিশ। পাশাপাশি তাঁরা এটাও জানান যে, ধৃত রত্নেশ কুমার পান্ডেকে রঘুনাথপুর মহকুমা আদালতে তোলা হলে তাকে ১৪ দিনের পুলিশি হেফাজতের নির্দেশ দেন বিচারক।

## আক্রান্ত তৃণমূলের পরাজিত প্রার্থী

দুরন্ত বার্তা, তমলুক, ২৩ জুলাই ঃ ধুর্পা গ্রামে বিজেপির বিজয় মিছিল থেকে তৃণমূলের পঞ্চায়েত প্রার্থীর উপরে হামলা, বাড়ি ভাঙচুর ও মারধরের অভিযোগে। যদিও অভিযোগ অস্বীকার বিজেপির। বিজেপির পাল্টা অভিযোগ তৃণমূলের দিকে। পূর্ব মেদিনীপুর জেলার তমলুক থানার শহীদ মাতঙ্গিনী ব্লকের রঘুনাথপূর এক নাম্বার গ্রাম পঞ্চায়েতের দূর্পা গ্রামে তৃণমূল নেতা অমূল্য মাইতির বাড়ীতে বিজেপির বিজয় মিছিল থেকে হামলা চালানো হয়, বলে অভিযোগ। বিজয় মিছিল থেকে অমূল্য মাইতির বাড়ীতে ভাঙচুর, মারধোর, এমন কি খেতে বসা শিশুর ভাতের থালা ফেলে দেওয়ার অভিযোগ। অভিযোগ ওই গ্রামে গ্রাম পঞ্চায়েতে তৃণমূল প্রার্থী হয়েছিলেন অমূল্য মাইতি। তার বিপরীতে প্রার্থী হয়েছিলেন বিজেপির তাপস ঘোড়াই। রবিবার জয়ী প্রার্থী তাপস ঘোড়াই বিজেপির বিজয় মিছিল করেন ওই গ্রামে। সেই বিজয় মিছিল থেকে তৃণমূল নেতা অমূল্য মাইতির বাড়িতে হামলা চালায়। তৃণমূল নেতা অমূল্য মাইতিকে ব্যাপক মারধোর করে রক্তাক্ত করে দেয় বলে অভিযোগ। অন্যদিকে বিজেপি নেতা তথা জেলা পরিষদের বিজেপির জয়ী প্রার্থী বামদেব গুছাইত অভিযোগ করেন, ওই গ্রামে বিজেপি জয়ী প্রার্থী শীতলা ঠাকুরকে মানত করেছিলেন ভোটে জয়ী হলে পূজা দেবেন। তাই পরিবারের লোকজন ও গ্রামবাসীদের নিয়ে পূজা দিয়ে বাড়ি ফেরার সময় বিজেপি নেতা-কর্মীদের ওপরে আক্রমণ চালায় বলে অভিযোগ। ঘটনাস্থলে তমলুক থানার পুলিশ বাহিনী তদন্তে যায়।

## ট্রেন থেকে উদ্ধার ২৩ কেজি গাঁজা

দুরন্ত বার্তা, খড়গপুর, ২৩ জুলাই ঃ এবার চলন্ত ট্রেন থেকে উদ্ধার হল গাঁজা। সম্বলেশ্বরী হাওড়া এক্সপ্রেসে এই মাদক উদ্ধারের ঘটনায় গ্রেফতার দু'জন। পশ্চিম মেদিনীপুর খড়গপুর স্টেশনের ৭-৮ নম্বর প্ল্যাটফর্মের ঘটনা। পুলিশ সূত্রে খবর, ধৃতদের নাম রজক শেখ ও হাফিজুল ইসলাম। খড়গপুর জিআরপি জানিয়েছে, ওড়িশার নোরলা থেকে হাওড়ার উদ্দেশ্যে যাচ্ছিল দুই যাত্রী রজক শেখ ও হাফিজুল ইসলাম। গোপন সূত্রে পুলিশ আগেই খবর পেয়েছিল তাঁদের কাছে মাদক দ্রব্য রয়েছে। সেই মোতাবেক ট্রেনে তল্লাশি চালান আধিকারিকরা। প্রায় ২৩ কেজি গাঁজা উদ্ধার হয় ওই দু'জনের কাছ থেকে। রেল পুলিশ জানিয়েছে, অভিযুক্তদের বাড়ি মুর্শিদাবাদে। দু'জনকে গ্রেফতার করে নিয়ে যাওয়া হয় খড়গপুরের জিআরপিতে। সেখানে তাদের থেকে জিজ্ঞাসা চালাচ্ছে খড়গপুরের জিআরপি ।

# পুরুলিয়ার জঙ্গলে বাড়ছে নেকড়ের সংখ্যা

দুরন্ত বার্তা, পুরুলিয়া, ২৩ জুলাই ঃ রাজ্যের বিভিন্ন জঙ্গলে বন্যপ্রাণীর সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। সম্প্রতি তেমনই ছবি ধরা পড়েছে পুরুলিয়া বনদফতরের ট্র্যাপ ক্যামেরায়। ওই ক্যামেরায় বেশ কয়েকটি নেকড়ের ছবি ধরা পড়েছে। কংসাবতী দক্ষিণ বনবিভাগ সম্প্রতি ট্র্যাপ ক্যামেরায় ধরা পড়া কিছু নেকড়ের ছবি প্রকাশ করেছে। ওই ছবিতে কয়েকটি নেকড়েকে জঙ্গলের মধ্যে ঘুরে বেড়াতে দেখা যাচ্ছে। নেকড়ের সংখ্যা বৃদ্ধি পাওয়ায় স্বাভাবিকভাবেই খুশি বন বিভাগ। জঙ্গলের ঘনত্ব বাড়ার কারণে বন্যপ্রাণীর সংখ্যা বৃদ্ধি পেয়েছে বলে মনে করছে বন বিভাগ। বন বিভাগ সূত্রে জানা গিয়েছে, পুরুলিয়ার বান্দোয়ান ১ বনাঞ্চলে অবস্থিত রাইকা পাহাড়ে জঙ্গল রয়েছে। এই জঙ্গলের আয়তন প্রায় আড়াই হাজার হেক্টর। এত বড় জঙ্গলে বন্য প্রাণীদের অবাধ বিচরণের সুযোগ রয়েছে। এই জঙ্গল ঝাড়খণ্ডের দলমা রেঞ্জের পাহাড়ের জঙ্গলের সঙ্গে মিশেছে। এই জঙ্গলে বিভিন্ন ধরনের বন্যপ্রাণী রয়েছে। তবে এই জঙ্গলে নেকড়ের সংখ্যা বৃদ্ধি নিয়ে বন দফতরের সন্দেহ হয়েছিল মাসখানেক আগে। পুরুলিয়ার এই পাহাড় সংলগ্ন গ্রামবাসীদের অভিযোগ ছিল, রাতের অন্ধকারে বাড়ি থেকে আচমকা উধাও হয়ে যাচ্ছে ছাগল। বেশ কয়েকটি বাড়ি থেকে ছাগল উধাওয়ের ঘটনা ঘটে। বাড়ির আশেপাশের চত্বরে নেকড়ের পায়ের ছাপ দেখতে পান স্থানীয়রা। শুধু তাই নয়, জঙ্গলের মধ্যে তাঁরা ছাগলের দেহাবশেষ পড়ে থাকতে দেখেন। এর পরে বন দফতরের সঙ্গে যোগাযোগ করেন বানেদায়ানের রাহামদা গ্রামের গ্রামের বাসিন্দারা। তারপরে বন বিভাগ অনুমান করেছিল ওই জঙ্গলে নেকড়ের সংখ্যা বৃদ্ধি পেয়েছে। এই ঘটনায় বন দফতরের তরফে জঙ্গলের বিভিন্ন জায়গায় ক্যামেরা বসানোর সিদ্ধান্ত নেওয়া হয়। সেইমতোই জঙ্গলের বিভিন্ন জায়গায় চারটি ক্যামেরা বসায় বন বিভাগ। বন দফতর সূত্রে জানা গিয়েছে, মোট চারটি ক্যামেরা বসানো হয় রাইকা পাহাড় সংলগ্ন বান্দোয়ানের ১ বনাঞ্চলের বান্দোয়ান বিট ও পারগোড়া বিট এলাকায়। সেই ক্যামেরায় কয়েকদিন আগে ধরা পড়েছে দুটি নেকড়ের ছবি। বন্যপ্রাণী সংরক্ষণের তালিকায় ১ নম্বরে রয়েছে নেকড়ে। এই অবস্থায় ওই জঙ্গলে নেকড়ের সংখ্যা বৃদ্ধি পাওয়ায় খুশি বনদফতরের আধিকারিক, কর্মীরা। সাধারণত ছাগল, ভেড়া থেকে শুরু করে হরিণ শিকার করে থাকে নেকড়ে। অন্যদিকে, এই ক্যামেরায় ময়ূরের ছবিও ধরা পড়েছে। এ প্রসঙ্গে কংসাবতী দক্ষিণ বনবিভাগের ডিএফও অসিতাভ চট্টোপাধ্যায় জানান, জঙ্গলের ঘনত্ব বেড়েছে। ক্যামেরায় বিভিন্ন ধরনের বন্যপ্রাণীর ছবি ধরা পড়েছে। আমাদের ধারণা ওই জঙ্গলে বন্যপ্রাণীর সংখ্যা বাড়ছে।

**KOLKATA MUNICIPAL CORPORATION – e-TENDER**

**ABRIDGED NIT**

The **Executive Engineer (C), Br.-III, KMC** invites tender online percentage rate two bid system for following works :

**(1) NIT No.: KMC/EE-III/30/4/23-24 (1st Call)**
Name of Work: **Restoration of passage at 4B, D. D. K. Road, 126/3/F, 138/5 N. M. Road, 34, 40D/15 U.C.B. Road, 29E, 29P Sitalatala Lane and different places in Ward No.-30 disturbed by CESC.** Estimated cost including GST and CESS: ₹ **4,04,784.43**. Earnest Money: ₹ **8,100.00**.

**(2) NIT No.: KMC/EE-III/30/9/23-24/BUSTEE (1st Call)**
Name of Work: **Repair of bustee sewer at 3, 8/1C, G.V.R. Lane, 6/1 A.B.B. Lane, 8, 25/1 S.G. Road and different places in Ward No.-30.** Estimated cost including GST and CESS: ₹ **3,59,765.15**. Earnest Money: ₹ **7,200.00**.

**(3) NIT No.: KMC/EE-III/30/10/23-24/BUSTEE (1st Call)**
Name of Work: **Repair of bustee passage at 3, 8/1C G.V.R. Lane, 6/1 A.B.B. Lane, 8, 25/1, 2/12 S.G. Road, 126/H/3 N. M. Road and different places in Ward No.-30.** Estimated cost including GST and CESS: ₹ **4,72,563.76**. Earnest Money: ₹ **9,500.00**. Period of completion: **30 Days** (For Sl. No. 1 to 3). Last Date and Time of submission of Bid: **07.08.2023 – 12.00 Noon** (For Sl. No. 1 to 3). Date and Time of opening of Bid: **09.08.2023 – 12 Noon** (For Sl. No. 1 to 3). The bid forms and other details are available on and from **26.07.2023 (5 p.m.)** (For Sl. No. 1 to 3) from the website **https://etender.wb.nic.in** (For Sl. No. 1 to 3).

The **Executive Engineer (C), Br.-V, KMC** invites tender online percentage rate two bid system for following works :

**(1) NIT No.: KMC/EE(C)/Br-V/040/11/2023-2024/BUSTEE**
Name of Work: **Renovation of bustee privy at 8, 70, 72 Keshab Chandra Sen Street, 62 Sitaram Ghosh Street etc. places in Ward No.-40 under Br.-V.** Estimated cost (Including GST and CESS): ₹ **4,91,659.68**. Earnest Money: ₹ **10,000.00**.

**(2) NIT No.: KMC/EE(C)/Br-V/049/05/2023-2024**
Name of Work: **Repairing of I.P. passages at 13, A.P.C. Road, 15, Akhil Mistry Lane etc. in Ward No.-49, Br.-V.** Estimated cost (Including GST and CESS): ₹ **2,86,851.06**. Earnest Money: ₹ **6,000.00**.

**(3) NIT No.: KMC/EE(C)/Br-V/048/14/2023-2024**
Name of Work: **Repairing and Restoration of concrete road surface at Gour Dey Lane, Durga Pithuri Lane, Dr. Jagabandhu Lane etc. in Ward No.-48.** Estimated cost (Including GST and CESS): ₹ **1,90,064.19**. Earnest Money: ₹ **4,000.00**. Period of completion: **60 Days** (For Sl. No. 1 to 3). Last Date and Time of submission of Bid: **03.08.2023 – 11 a.m.** (For Sl. No. 1 to 3). Date and Time of opening of Tender: **05.08.2023 – 11 a.m.** (For Sl. No. 1 to 3).

**(4) NIT No.: KMC/EE(C)/Br-V/043/10/2023-2024**
Name of Work: **Repairing of paver block Footpath at C. R. Avenue and different places in Ward No.-43.** Estimated cost (Including GST and CESS): ₹ **2,59,562.06**. Earnest Money: ₹ **5,500.00**. Period of completion: **45 Days**. Last Date and Time of submission of Bid: **05.08.2023 – 11.00 a.m.** Date and Time of opening of Tender: **07.08.2023 – 11 a.m.** The bid forms and other details are available on and from **25.07.2023 (5 p.m.)** from the website **https://etender.wb.nic.in** (For Sl. No. 1 to 4).

The **Executive Engineer (C), Br.-IX, KMC** invites tender online percentage rate two bid system for following work :

**NIT No.: KMC/IX/071/019/2023-2024/R (1st Call)**
Name of Work: **Development of bustee I.P. passage at 1, 3, 4, 5, 6, 7, 9, 10 Rup Narayan Nandan Lane in Ward No.-71.** Estimate Amount (Incl. GST & CESS): ₹ **2,99,283.98**. Earnest Money: ₹ **6,000.00**. Period of completion: **45 Days**. Last Date and Time of submission of Bid: **05.08.2023 – 12.00 Noon**. Tender will be opened on: **07.08.2023 – 12 Noon**. The bid forms and other details are available on and from **25.07.2023 (5 p.m.)** from the website **https://etender.wb.nic.in**

The **Dy. C.E. (E)/S&D, KMC** invites tender online item wise rate in two bid system for the following works:

**(1) NIT No.: KMC/DG(S_D)/BDPS/ES-04/23-24 (1st Call)**
Name of Work: **Urgent heat vernishing, repairing of stator and replacement of defective slip ring and bearing of 70 HP, 52.5 KW, 3 PH, Slipring Motor of Pump Unit B at CLPS under BDPS.** Estimated Cost: **Rate to be quoted.** Earnest Money: ₹ **5,950.00**. Period of Completion: **7 Days.**

**(2) NIT No.: KMC/DG(S_D)/BDPS/ES-05/23-24 (1st Call)**
Name of Work: **Servicing and replacement of worn-out component of 2 nos. Starter Motor Control Panel at Nimak Mahal Drainage Pumping Station under BDPS (S&D).** Estimated Cost: **Rate to be quoted.** Earnest Money: ₹ **2,350.00**. Period of Completion: **5 Days.** Last Date and Time of submission of Bid: **31.07.2023 at 12.00 Noon** (For Sl. No. 1 & 2). The bid forms and other details are available on and from **24.07.2023 at 5 p.m.** (For Sl. No. 1 & 2) from the website **https://wbtenders.gov.in** (For Sl. No. 1 & 2). **(472/23-24)**

**গোল্ডেন ক্রিস্ট এডুকেশান অ্যান্ড সার্ভিসেস লিমিটেড**

**CIN: L51109WB1982PLC035565**

রেজি. অফিস ঃ ৬২এ, ড. মেঘনাদ সাহা সরণী,
রুম নং. ২, ২য় ফ্লোর, সার্দান এভিনিউ, কলকাতা-৭০০০২৯, ভারত
ই-মেলঃ info@goldencrest.in, ওয়েবসাইট ঃ www.goldencrest.in

সংক্ষিপ্ত অনিরীক্ষিত স্বতন্ত্র আর্থিক বিবরণী
১ম ত্রৈমাসিক সমাপ্তে ৩০ জুন, ২০২৩
(দেখুন ধারা ৪৭(১) (বি) সেবি (এলওআরডি) ধারা, ২০১৫)

(লক্ষ টাকায়)

| ক্র নং. | বিবরণী | ত্রৈমাসিক শেষে ৩১ মার্চ ২০২৩ | পূর্বেকার ত্রৈমাসিক শেষে ৩১ মার্চ ২০২৩ পূর্বেকার বছর (দ্রষ্টব্য নোট নং. ২) | চলতি ত্রৈমাসিক শেষে ৩০ জুন ২০২৩ | বছর শেষে ৩১ মার্চ ২০২৩ |
|---|---|---|---|---|---|
| | | অনিরীক্ষিত | নিরীক্ষিত | অনিরীক্ষিত | নিরীক্ষিত |
| ১ | মোট আয় | ৯.৭৯২ | ১১.২৮১ | ১৭.২০১ | ৩৯.৪৫৫২ |
| ২ | মোট লাভ / (ক্ষতি) মেয়াদে (কর, ব্যতিক্রমী এবং / অথবা অসাধারণ আইটেম পূর্বে) | ১.২১৭ | ৫.৮২৩ | ৬.৬৫০ | ১০.১৬৭ |
| ৩ | মোট লাভ / (ক্ষতি) মেয়াদে করের পূর্বে ( ব্যতিক্রমী এবং / অথবা অসাধারণ আইটেম পর) | ১.২১৭ | ৫.৮২৩ | ৬.৬৫০ | ১০.১৬৭ |
| ৪ | মোট লাভ / (ক্ষতি) মেয়াদে করের পর (ব্যতিক্রমী এবং / অথবা অসাধারণ আইটেম পর) | ১.২১৭ | ৫.৮২৩ | ৬.৬৫০ | ৭.০০৬ |
| ৫ | মোট ব্যাপক আয় মেয়াদে (সংযুক্ত লাভ / (ক্ষতি) মেয়াদে (করের পর) এবং অন্যান্য ব্যাপক আয় (করের পর) | ১.২১৭ | ৫.৮২৩ | ৬.৬৫০ | ৭.০০৬ |
| ৬ | ইক্যুইটি শেয়ার মূলধন | ৫২৪.৫০০ | ৫২৪.৫০০ | ৫২৪.৫০০ | ৫২৪.৫০০ |
| ৭ | সংরক্ষিত ( রেভিলিউশান রিজার্ভ ছাড়া যা দেখানো হয়েছে পূর্বেকার বছরের নিরীক্ষিত ব্যালেন্স শিটে) | - | - | - | ৫৩৩.৯৬৩ |
| ৮ | শেয়ার প্রতি আয় (১০ /- টাকা প্রতি) (বার্ষিকীকৃত নহে বছর সমাপ্ত ছাড়া) মূল ও মিশ্র | ০.০২৩ | ০.১১১ | ০.১২৭ | ০.১৩৪ |

দ্রষ্টব্য ঃ
উপরোক্ত ফলাফল সংক্ষিপ্ত রূপ বিস্তারিত ফরম্যাট ত্রৈমাসিক অনিরীক্ষিত আর্থিক ফলাফল যা সম্পূর্ন করা হয়েছে স্টক এক্সচেঞ্জে অধীন ধারা ৩৩ সেবি (লিস্টিং অব্লিগেশানস অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) ধারা, ২০১৫। বিস্তারিত ফরম্যাট অনিরীক্ষিত আর্থিক ফলাফল পাওয়া যাবে স্টক এক্সচেঞ্জ ওয়েবসাইটে- www.bseindia.com ও www.cse-india.com। একই পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইটে- www.goldencrest.in।
২. ত্রৈমাসিক শেষে ৩১ মার্চ, ২০২৩ রাশি, সামঞ্জস্যপূর্ন রাশি পূর্ন আর্থিক বছর সমাপ্তে ৩১ মার্চ, ২০২৩ এবং বছর থেকে তারিখ নিরীক্ষিত রাশি তৃতীয় ত্রৈমাসিক রাশি পর্যন্ত আর্থিক বছরে ২০২২-২৩।

বোর্ডের আদেশানুসারে
গোল্ডেন ক্রিস্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড-এর পক্ষে
যোগেশ লামা
সর্বক্ষণের পরিচালক
DIN No.:07799934

তারিখ ঃ ২২ জুলাই, ২০২৩
স্থান ঃ কলকাতা